আজকের কাগজ

28 NOV 1992

তারিখ 28 NOV 1992

পৃ: ৬ কলাম ৬

57

বরিশালের উজিরপুরে মুক্তিযোদ্ধা সমাবেশ

# প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাসুচিতে মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস অন্তর্ভুক্তের দাবি

মুক্তিযুদ্ধের ইতিহাসে স্মৃতিময় স্থান চির জাগরুক রাখার জন্যে ৯ নং সেক্টর অধিন বৃহত্তর বরিশালের সাব সেক্টর প্রধান ঘাঁটি উজিরপুরের বড়াকোঠা দরগা বাড়ি মুক্তিযোদ্ধা মিলন কেন্দ্র ভবন প্রাঙ্গণে মুক্তিযোদ্ধা সমাবেশ অনুষ্ঠিত হয়।

বীর প্রতীক মহিউদ্দীন মানিকের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ঘাতক দালাল নির্মূল কমিটির জেলা আহবায়িকা শহীদ মাতা সালমা বেগম।

ক্যাপ্টেন (অবঃ) নূরুল হুদা, এম এ গফুর, শহিদুল ইসলাম খান, ক্যাপ্টেন সচিন কর্মকার, সংসদ সদস্য সেলিনা রহমান, মোশাররফ হোসেন।

বক্তারা মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত সকল ঐতিহাসিক স্থানসমূহ ও মুক্তিযুদ্ধে ব্যবহৃত সামগ্রী ও ছবি সংরক্ষণ, সঠিক ইতিহাস লিপিবদ্ধ করা এবং প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তকে মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস অন্তর্ভুক্তের দাবি জানান।

সমাবেশে স্বাধীনতা যুদ্ধে বিশেষ অবদান রাখার জন্যে ১১ জনকে স্বাধীনতা চেতনা পদক দেয়া হয়। এদের মধ্যে ৫ জনকে মরণোত্তর পদক দেয়া হয়। বরিশাল থেকে মীর মনিরুজ্জামান।